শেখ হাসিনার উদ্যোগ

# গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

GAIBANDHA PALLI BIDYUT SAMITY
ISO 9001 :2015 Certified

ISO 9001 : 2015 CERTIFIED

সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা।
E-mail : gbndhapbs@yahoo.com
Website : www.pbs.gaibandha.gov.bd

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫৬৫.০২.০০৮.২০. ৩৫২৬

তারিখ- ২৫ ভাদ্র, ১৪২৭বঙ্গাব্দ।
০৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার -কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগের নিমিত্তে প্যানেল তৈরীর লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তানুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

০১। পদের নামঃ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)।

০২। আবেদনের যোগ্যতাঃ

ইতিপূর্বে যে সকল প্রার্থী চুক্তি ভিত্তিক মিটার রিডার/ম্যাসেঞ্জার পদে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী ধারাবাহিকতা ০৩(তিন) বৎসর/০৬(ছয়)বৎসর/০৯(নয়)বৎসর/১২(বার)বৎসর/১৫(পনের)বৎসর/১৮(আঠার)বৎসর সন্তোষজনকভাবে কর্ম সম্পাদন করেছেন তারা সংশ্লিষ্ট পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর প্রত্যয়ন পত্র সহ আবেদন করতে পারবেন। চুক্তি ভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত তারা নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে বিবেচিত হবেন না। প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। প্রার্থীদের সর্বোচ্চ বয়স ৫২ (বায়ান্ন) বছর (দরখাস্তে গ্রহণের সর্বশেষ তারিখের ২৮-০৯-২০২০ খ্রিঃ) হতে হবে।

০৩। চুক্তির মেয়াদঃ

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে কাজকর্ম ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ২/১ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। একই নিয়মে সুষ্ঠভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ (তিন)বৎসর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে কোন অবস্থাতেই ০৩ (তিন) মেয়াদের ০৯ (নয়) বৎসরের অধিককাল অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না। বয়স ৫৫ বৎসর পূর্ন হলে চুক্তির পরিসমাপ্তি হবে।

০৪। বেতন ও ভাতাদিঃ

নিয়োগ প্রাপ্ত প্রার্থীর চুক্তিকালীন সময়ে নিম্নোক্ত হারে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ক) সর্বশেষ পবিসের প্রত্যয়ন পত্রে অনুযায়ী মূল বেতন নির্ধারণ করা হবে।
(খ) বাড়ী ভাড়া মুল বেতনের ৪০%।
(গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম পরিমান অর্থ।
(ঘ) যাতায়াত ভাতা ১,৫০০.০০(এক হাজার পাঁচশত)টাকা।
(ঙ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।
(চ) মাসিক চিকিৎসার ভাতা ১০০০.০০ (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(ছ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে )প্রাপ্য হবেন।
(জ) পবিস-এ চুক্তি ভিত্তিক কর্মকালীন প্রতি চুক্তি বৎসরে "উৎসব বোনাস ও বৈশাখী ভাতা" প্রাপ্য হবেন। সমিতিতে পারফরমেন্স টার্গেট এ্যাগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল আনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।
(ঝ) সন্তোষজনক ভাবে চাকুরি শেষে পবিস হতে পূর্ন বৎসরের জন্য শেষ মূল বেতন এর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্ত হবেন।

০৫। আবেদন করার পদ্ধতি:

আগ্রহী প্রার্থীগণ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট www.pbs.gaibandha.gov.bd হতে আবেদন ফরম ( ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২৮-০৯-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলশীঘাট, গাইবান্ধা বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র জমা দিতে পারবেন। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০৬। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক সময়ে তোলা ০৩(তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত অনুলিপি।
(গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সত্যায়িত সনদপত্র।
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। উল্লেখ্য যে, দাখিলকৃত সকল সনদ পত্রের ফটোকপি (অভিজ্ঞতা সনদ ব্যতীত) ও ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নাম ও পদবী সম্বলিত সীলসহ সত্যায়িত থাকতে হবে।

Ashraf

শেখ হাসিনার উদ্যোগ

# গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

GAIBANDHA PALLI BIDYUT SAMITY
ISO 9001 :2015 Certified

সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা।
E-mail : gbndhapbs@yahoo.com
Website : www.pbs.gaibandha.gov.bd

০৭। বিশেষ শর্তাবলীঃ

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০.০০(দশ হাজার)টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপানান্তে নির্ধারিত হারে মুনাফা সহ ফেরৎ দেয়া হবে।

(খ) গাইবান্ধা পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের (গাইবান্ধা জেলার গাইবান্ধা সদর, সাঘাটা, ফুলছড়ি, পলাশবাড়ী ও গোবিন্দগঞ্জ থানা) উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(গ) প্রাপ্ত আবেদন পত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক)বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঘ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার-কাম-ম্যাসঞ্জার (চুক্তিভিত্তিক) যদি অব্যাহতি/অপসারিত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অত্র পবিস-এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ)সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতার সনদ পত্র" আবেদনের সাথে দাখিল করতে হবে। অভিজ্ঞতার সনদ পত্রে সর্বশেষ প্রাপ্ত সাকুল্য বেতন উল্লেখ করতে হবে। এছাড়াও অভিজ্ঞতার সনদ পত্র ও প্রার্থীর আবেদন পত্রে পূর্ব অভিজ্ঞতার বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি সবিস্তারে স্পষ্টভাবে (কোন পবিস-এ কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত কোন পদে দায়িত্ব পালন করছেন/করেছিলেন) উল্লেখ করতে হবে।

(ছ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) বাপবিবোর্ডের নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঝ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ পানা উল্লাহ্)
জেনারেল ম্যানেজার

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস ম: ও ব্যঃ পঃ(উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবোর্ড, রংপুর ।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপিঃ-

০১। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
(বাপবিবোর্ডের ওয়েব সাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৩। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজর/জেনারেল ম্যানেজার...................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা।
০৬। ডিজিএম (বোনারপাড়া/গোবিন্দগঞ্জ/সদর দপ্তর-কারিগরী), গাপবিস।
০৭। এজিএম(ওএন্ডএম) মহিমাগঞ্জ, কালিরবাজার, দাড়িয়াপুর সাব-জোনাল অফিস, গাইবান্ধা পবিস।
০৮। এজিএম (প্রশাসন/সদস্য সেবা/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম), গাপবিস।
০৯। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), গাপবিস। (পবিসের ওয়েব সাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহন করবেন)
১০। নোটিশ বোর্ড, গাপবিস।

জেনারেল ম্যানেজার